রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২০, ১৯৮৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়

শাখা ১০

ঢাকা, ১৯শে অক্টোবর, ১৯৮৬

নং এস, আর, ও, ৪১০-এল/৮৬/শা-১০/নিম্ন-২২/৮৬—১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (১৯৬১ সনের ৩৯নং অধ্যাদেশ)-এর ৬(১)(ক) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিতেছেন যে, উক্ত অধ্যাদেশের ৫ ধারার বিধান মোতাবেক "হোসিয়ারী শিল্প" প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন শ্রেণীর শ্রমিকদের মজুরীর হার নির্ধারণের উদ্দেশ্যে একই অধ্যাদেশের ৩ ধারার অধীনে গঠিত নিম্নতম মজুরী বোর্ডের সুপারিশকৃত এবং নিম্ন তফসিলে বর্ণিত মজুরীর হারসমূহ উপরোল্লিখিত শ্রমিকদের নিম্নতম মজুরীর হার হইবেঃ

তফসিল

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ। | মাসিক মূল মজুরী (টাকা) | মাসিক প্রান্তিক ভাতা (টাকা) | মোট (টাকা) |
|---|---|---|---|
| দক্ষ: | ৬২৫ | ৩২৭ | ৯৫২ |
| ১। বডি মেশিনম্যান | | | |
| ২। ফিটার/মিস্ত্রী | | | |
| ৩। নেক কাটিংম্যান ও আস্তিনম্যান (সিনিয়র) | | | |
| ৪। কাটিংম্যান (সিনিয়র) | | | |
| ৫। ওভারলকম্যান (সিনিয়র) | | | |
| ৬। চেইনম্যান (সিনিয়র) | | | |
| ৭। ইস্ত্রিম্যান (সিনিয়র) | | | |
| ৮। ফ্লাটলকম্যান (সিনিয়র) | | | |



মূল্য : ৬০ পয়সা

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণীবিভাগ। | মাসিক মূল মজুরী (টাকা) | মাসিক প্রান্তিক ভাতা (টাকা) | মোট (টাকা) |
|---|---|---|---|
| **আধা-দক্ষ:** | ৫৪৭ | ৩০৪ | ৮৫১ |
| ১। ক্যালেন্ডারম্যান | | | |
| ২। চেক মেন্ডিংম্যান | | | |
| ৩। রিব্ কাটিংম্যান (মেশিনম্যান) | | | |
| ৪। নেক কাটিং ও আস্তিনম্যান (জুনিয়র) | | | |
| ৫। কাটিংম্যান (জুনিয়র) | | | |
| ৬। ওভারলকম্যান (জুনিয়র) | | | |
| ৭। চেইনম্যান (জুনিয়র) | | | |
| ৮। ফ্লাটলকম্যান (জুনিয়র) | | | |
| ৯। ইস্ত্রিম্যান (জুনিয়র) | | | |
| ১০। কোনিংম্যান | | | |
| ১১। ছীট মেশিনম্যান | | | |
| **অদক্ষ।** | ৪৭০ | ২৮১ | ৭৫১ |
| ১। রিব্ কাটিংম্যান (হাতে) | | | |
| ২। কান্দি সেলাইম্যান | | | |
| ৩। প্যাকার | | | |
| ৪। হেলপার | | | |
| ৫। টিকেটম্যান | | | |
| **কর্মচারী পদবিন্যাস ও শ্রেণীবিভাগ:** | | | |
| **গ্রেড-১:** | ৬২৫ | ৩২৭ | ৯৫২ |
| ১। হিসাব রক্ষক | | | |
| ২। সুপারভাইজার | | | |
| **গ্রেড-২:** | ৫৪৭ | ৩০৪ | ৫১ |
| ১। ষ্টোর কিপার | | | |
| ২। টাইম কিপার | | | |
| ৩। ক্লার্ক | | | |
| ৪। টাইপিষ্ট | | | |
| ৫। সহকারী হিসাব রক্ষক | | | |
| ৬। টেলিফোন অপারেটর | | | |
| ৭। ষ্টোর এসিসটেন্ট | | | |
| ৮। ড্রাইভার | | | |
| ৯। ক্যাশিয়ার | | | |
| ১০। সেলসম্যান | | | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণীবিভাগ। | মাসিক মূল মজুরী (টাকা) | মাসিক প্রান্তিক ভাতা (টাকা) | মোট (টাকা) |
|---|---|---|---|
| **গ্রেড-৩ঃ** | ৪৭০ | ২৮১ | ৭৫১ |
| ১। পিয়ন/দপ্তরি | | | |
| ২। দারোয়ান | | | |
| ৩। পাহারাদার | | | |
| ৪। সুইপার/ক্লিনার | | | |

**বিশেষ দ্রষ্টব্যঃ** প্রান্তিক ভাতা বলিতে বুঝায়ঃ

(১) বাড়ী ভাড়া ভাতা .. ৩০% (মূল মজুরীর)।

(২) চিকিৎসা ভাতা .. ১০০ টাকা মাসিক।

(৩) যাতায়াত ভাতা .. ৪০ টাকা মাসিক।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাইজুদ্দিন আহমদ

উপ-সচিব।

**বিশেষ দ্রষ্টব্যঃ** এতদসংগে নিম্নতম মজুরী বোর্ডের এতদসংক্রান্ত সুপারিশ, ১৯৮৬-এর অনুলিপি হুবহু প্রকাশ করা হইল।

---

## বাংলাদেশ নিম্নতম মজুরী বোর্ড

## "হোসিয়ারী" শিল্প প্রতিষ্ঠান

## সুপারিশ, ১৯৮৬

১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশ (অধ্যাদেশ নং ৩৯)-এর ৫(১) ধারার বিধান অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯শে জুন, ১৯৮৪ তারিখের এস, আর, ও, ২৬৭-এল/৮৪/শা-১০/২(১)/৮৪ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা অত্র বোর্ডকে "হোসিয়ারী" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের নিম্নতম মজুরী সুপারিশের নির্দেশ দেন এবং উক্ত শিল্পে প্রতিনিধিত্ব করার জন্য ৮ই জানুয়ারী, ১৯৮৫ তারিখের এস, আর, ও, ২৭-এল/৮৫/শা-১০/২(১)/৮৪ নম্বর বিজ্ঞপ্তি দ্বারা উক্ত শিল্পের মালিক ও শ্রমিক পক্ষের সদস্য নিয়োগ করেন।

অতঃপর বোর্ড হোসিয়ারী শিল্প পরিদর্শন করিয়া উহার বর্তমান অবস্থা, শ্রমিকদের কার্য-পদ্ধতি, জীবিকা নির্বাহের ব্যয়, মজুরী রেজিষ্টার, মালিকদের মজুরী প্রদানের পদ্ধতি, শিল্পের অর্থনৈতিক অবস্থা ইত্যাদি কতিপয় বিষয় পর্যবেক্ষণ করেন এবং প্রাপ্ত তথ্যাবলী পর্যালোচনা করিয়া ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ৫ ধারা মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত সুপারিশ পেশ করিতেছেনঃ

১। "হোসিয়ারী" শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিক/কর্মচারীদের বিভিন্ন পদবী, জ্ঞান, অভিজ্ঞতা, দক্ষতা এবং কাজের ধারা, ঝুঁকি ও প্রকৃতি ইত্যাদি বিবেচনাক্রমে (১) দক্ষ, (২) আধা-দক্ষ ও (৩) অদক্ষ এই তিন শ্রেণীতে এবং কর্মচারীদের (১) গ্রেড-১, (২) গ্রেড-২ ও (৩) গ্রেড-৩ এই তিন শ্রেণীতে বিভক্ত করা হয় যাহা সংযোজিত পরিচ্ছেদ "ক"-এ বলা হইয়াছে।

২। এই সুপারিশ ঘোষণার পর হইতে শিল্প প্রতিষ্ঠানগুলির মালিকগণ "ক" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিক/কর্মচারীদের যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং প্রয়োজনবোধে মজুরী স্লিপ প্রদান করিবেন।

৩। যদি কোন কারণে কোন পদ "ক" পরিচ্ছেদে উল্লেখ না থাকে তবে উক্ত শিল্প প্রতিষ্ঠানের মালিক অবশ্যই উক্ত পদের শ্রেণী নির্ধারণক্রমে "ক" পরিচ্ছেদে লিখিত নিম্নতম মজুরী প্রদান করিবেন এবং অনতিবিলম্বে এই সংশোধনের বিষয় নিম্নতম মজুরী বোর্ডে জানাইবেন।

৪। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরী প্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও ১৯৬১ সনের নিম্নতম মজুরী অধ্যাদেশের ২(৯) ধারা অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার মালিকের ন্যায় কার্য করিবেন।

৫। "ক" পরিচ্ছেদে উল্লেখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে অর্থাৎ প্রদেয় মজুরী উক্ত মজুরী হইতে কম হইবেনা। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিক হারে মজুরী প্রদত্ত হইয়া থাকে তবে তাহা হ্রাস করা যাইবেনা। নিয়োগকর্তা/মালিক পক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

৬। যদি কোন শিল্প প্রতিষ্ঠানের মালিক শ্রমিক/কর্মচারীদিগকে ফুরণভিত্তিক মজুরী দিয়া থাকেন তবে তাহাকে এই সুপারিশ মোতাবেক তাহাদের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পায়।

৭। "ক" পরিচ্ছেদে উল্লেখিত নিম্নতম মজুরী মাসিক মজুরী হিসাবে গণ্য হইবে এবং কার্যকাল ফ্যাক্টরী আইনে নিয়ন্ত্রিত হইবে।

**খতিবুর রহমান**
চেয়ারম্যান,
নিম্নতম মজুরী বোর্ড।
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।

**ডঃ তাহেরুল ইসলাম**
নির্দলীয় সদস্য।

**কে, এম, নাসিরুল হক**
মালিক পক্ষের সদস্য।

**মকবুল আহমেদ**
শ্রমিক পক্ষের সদস্য।

**দেলোয়ার হোসেন**
মালিক পক্ষের সদস্য।

**মোঃ শাহজাহান মিয়া**
শ্রমিক পক্ষের সদস্য।

## "ক" পরিচ্ছেদ

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণীবিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | মাসিক প্রান্তিক ভাতা (টাকা) | মোট (টাকা) |
|---|---|---|---|
| দক্ষঃ | ৬২৫ | ৩২৭ | ৯৫২ |
| ১। বডি মেশিনম্যান | | | |
| ২। ফিটার/মিস্ত্রী | | | |
| ৩। নেক কাটিংম্যান ও আস্তিনম্যান (সিনিয়র) | | | |
| ৪। কাটিংম্যান (সিনিয়র) | | | |
| ৫। ওভারলকম্যান (সিনিয়র) | | | |
| ৬। চেইনম্যান (সিনিয়র) | | | |
| ৭। ইস্ত্রিম্যান (সিনিয়র) | | | |
| ৮। ফ্লাটলকম্যান (সিনিয়র) | | | |
| আধা-দক্ষঃ | ৫৪৭ | ৩০৪ | ৮৫১ |
| ১। ক্যালেন্ডারম্যান | | | |
| ২। চেক মেন্ডিংম্যান | | | |
| ৩। রিব্ কাটিংম্যান (মেশিনম্যান) | | | |
| ৪। নেক কাটিং ও আস্তিনম্যান (জুনিয়র) | | | |
| ৫। কাটিংম্যান (জুনিয়র) | | | |
| ৬। ওভারলকম্যান (জুনিয়র) | | | |
| ৭। চেইনম্যান (জুনিয়র) | | | |
| ৮। ফ্লাটলকম্যান (জুনিয়র) | | | |
| ৯। ইস্ত্রিম্যান (জুনিয়র) | | | |
| ১০। কোনিংম্যান | | | |
| ১১। হীট মেশিনম্যান | | | |
| অদক্ষঃ | ৪৭০ | ২৮১ | ৭৫১ |
| ১। রিব্ কাটিংম্যান (হাতে) | | | |
| ২। কান্দি সেলাইম্যান | | | |
| ৩। প্যাকার | | | |
| ৪। হেলপার | | | |
| ৫। টিকেটম্যান | | | |
| **কর্মচারী পদবিন্যাস ও শ্রেণবিভাগঃ** | | | |
| গ্রেড-১ঃ | ৬২৫ | ৩২৭ | ৯৫২ |
| ১। হিসাব রক্ষক | | | |
| ২। সুপারভাইজার | | | |

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণীবিভাগ | মাসিক মূল মজুরী (টাকা) | মাসিক প্রান্তিক ভাতা (টাকা) | মোট (টাকা) |
|---|---|---|---|
| **গ্রেড-২ঃ** | ৫৪৭ | ৩০৪ | ৮৫১ |
| ১। ষ্টোর কিপার | | | |
| ২। টাইম কিপার | | | |
| ৩। ক্লার্ক | | | |
| ৪। টাইপিষ্ট | | | |
| ৫। সহকারী হিসাব রক্ষক | | | |
| ৬। টেলিফোন অপারেটর | | | |
| ৭। ষ্টোর এসিসটেন্ট | | | |
| ৮। ড্রাইভার | | | |
| ৯। ক্যাশিয়ার | | | |
| ১০। সেলসম্যান | | | |
| **গ্রেড-৩ঃ** | ৪৭০ | ২৮১ | ৭৫১ |
| ১। পিয়ন/দপ্তরি | | | |
| ২। দারোয়ান | | | |
| ৩। পাহারাদার | | | |
| ৪। সুইপার/ক্লিনার | | | |

**বিশেষ দ্রষ্টব্যঃ** প্রান্তিক ভাতা বলিতে বুঝায়ঃ

(১) বাড়ী ভাড়া ভাতা .. ৩০% (মূল মজুরীর )।

(২) চিকিৎসা ভাতা .. ১০০ টাকা মাসিক।

(৩) যাতায়াত ভাতা .. ৪০ টাকা মাসিক।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাইজুদ্দিন আহ্মদ্

উপ-সচিব।

খন্দকার ওবায়দুল[illegible]টি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত।
মোঃ রবিউল হোসেন, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।